



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।



সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।
www. bise-ctg.gov.bd

স্মারক নম্বর- চশিবো/বিদ্যা:/বিজ্ঞপ্তি/১৫/২০১৩/৯০২ (২)

তারিখ : ২২/০১/২০২৩ খ্রিঃ

নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি সংক্রান্ত সতর্কীকরণ মূলক

জরুরি বিজ্ঞপ্তি


লক্ষ করা যাচ্ছে যে, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন এলাকায় জনসাধারণ ও অভিভাবকদের নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ে ভর্তিসংক্রান্ত অজ্ঞতার সুযোগে কিছু কিছু অনুমোদনহীন প্রতিষ্ঠান নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থী ভর্তি করায়। পরবর্তীতে ঐ সকল স্কুলের শিক্ষার্থীরা নবম শ্রেণিতে রেজিস্ট্রেশন ও দশম শ্রেণি-পরবর্তী এসএসসি পরীক্ষার ফরম পূরণের সময় ভয়াবহ জটিলতার সম্মুখীন হয়। তাই জনস্বার্থে নিম্নোক্ত সতর্কমূলক নির্দেশনা জারি করা হলো।

১। চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অনুমোদিত নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক স্কুলসমূহ শুধুমাত্র নিজ বিদ্যালয়ে ভর্তিকৃত ও পাঠগ্রহণকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করাতে পারবে। কোনোক্রমেই কোনো অননুমোদিত স্কুলের শিক্ষার্থীকে তাদের স্কুলে রেজিস্ট্রেশন করাতে পারবে না।

২। চট্টগ্রাম শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত নয় এমন কোনো স্কুল ষষ্ঠ ও নবম শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করাতে পারবে না। এ রকম ভর্তির কারণে কোনো শিক্ষার্থী বা অভিভাবক প্রতারিত হলে সংশ্লিষ্ট বিদ্যালয়ের বিরুদ্ধে বোর্ড আইন ও দেশে প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩। জনসাধারণ এবং অভিভাবকদের এ মর্মে অনুরোধ করা যাচ্ছে, তাঁরা যেন তাঁদের সন্তানদের ষষ্ঠ ও নবম শ্রেণিতে ভর্তি করানোর সময় সংশ্লিষ্ট বিদ্যালয় চট্টগ্রাম শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত কি না তা জেনে নেন। উল্লেখ্য যে, অনুমোদিত স্কুলগুলোর ইআইআইএন নম্বর থাকে। তাঁদের অসচেতনতার কারণে কোনো শিক্ষার্থীর শিক্ষাজীবন বিপন্ন হলে তার দায়-দায়িত্ব বোর্ড গ্রহণ করবে না।


জনস্বার্থে এ সতর্কতা মূলক বিজ্ঞপ্তি জারি করা হলো।


- ২২/০১/২০২৩

(ড. বিপ্লব গাজুলী)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
চট্টগ্রাম


২২/০১/২০২৩